দৈনিক
ইত্তেফাক

তারিখ: 13 NOV 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ১

# কমলনগরে এসএসসি ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়

■ কমলনগর (লক্ষ্মীপুর) সংবাদদাতা

লক্ষ্মীপুরের কমলনগরে ২০১৭ সালের এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণে উপজেলার প্রায় স্কুল ও মাদ্রাসার পরীক্ষার্থীদের নিকট থেকে অতিরিক্ত ফি আদায় করছে। ২০১৭ সালের বোর্ড কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি থেকে জানা যায়, নিয়মিত প্রতি পরীক্ষার্থী থেকে সর্বসাকুল্যে আদায়যোগ্য ফি ১৩৮৫ টাকা। প্রতিষ্ঠানসমূহ আদায় করছে মানবিক শাখায় ২২শ থেকে ৩২শ' টাকা এবং বিজ্ঞান শাখায় ২৫শ' থেকে ৩৫শ' টাকা। অনেক প্রতিষ্ঠান একাধিক বিষয়ে নির্বাচনী পরীক্ষায় ফেল করা ছাত্র-ছাত্রীদের নিকট থেকে জামানতস্বরূপ ১ হাজার টাকা থেকে ৩ হাজার টাকা দাবি করছে। বোর্ড বিজ্ঞপ্তিতে দেখা যায় পরীক্ষার্থীদের নিকট থেকে পরীক্ষার ফি ছাড়া অন্য কোনো ধরনের ফি বা বকেয়া আদায় করা যাবে না। অনিয়মিত আংশিক পরীক্ষার্থীদের বেলায় ফি ২শ'৬৫ টাকা কিন্তু প্রতিষ্ঠানসমূহ দাবি করছে ১২শ' টাকা।

কমলনগরে ২০১৭ সালের এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণে উপজেলার প্রায় স্কুল ও মাদ্রাসার পরীক্ষার্থীদের নিকট থেকে অতিরিক্ত ফি আদায় করছে। ২০১৭ সালের বোর্ড কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি থেকে জানা যায়, নিয়মিত প্রতি পরীক্ষার্থী থেকে সর্বসাকুল্যে আদায়যোগ্য ফি ১৩৮৫ টাকা। প্রতিষ্ঠানসমূহ আদায় করছে মানবিক শাখায় ২২শ থেকে ৩২শ' টাকা এবং বিজ্ঞান শাখায় ২৫শ' থেকে ৩৫শ' টাকা

ছাত্র ছাত্রীরা জানান, অতিরিক্ত ফি দিতে রাজি না হওয়ায় ফলকন হাই স্কুলের প্রধান শিক্ষক ফরম পূরণ করেনি। ফলকন হাই স্কুলের এক ছাত্রীর অভিভাবক জানান, ৩২শ' টাকা দিয়ে আমার মেয়ের ফরম পূরণ করেছি। ফরাশগঞ্জ ফয়েজ আম আলিম মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা জানান, ফরম পূরণে ২২শ' টাকা ও নির্বাচনী পরীক্ষায় ফেল করা প্রতি বিষয়ের জন্য আরো অতিরিক্ত ৫শ' টাকা করে দিতে হয়।

এ ব্যাপারে কমলনগর মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ইকবাল হোসেন ও মাদরাসা শিক্ষক সমিতির সাংগঠনিক সম্পাদক মাকছুদুর রহমান জানান, আমাদের বিভিন্ন খরচ আছে তাই একটু বেশি নিচ্ছি।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা জানান, অতিরিক্ত ফি আদায়ের বিষয়টি জানার পর সকল প্রতিষ্ঠান প্রধানকে স্বল্প সময়ের মধ্যে জরুরি সভা ডেকেছি।